



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)


(A Company of Petrobangla)

স্ম নং-২৮.১৪.০০০০.১০৮.১৩.০০২.২৩.১২৩

তারিখ : ৩১-০৭-২০২৩

পরিপত্র

- ১। পরিচালকমণ্ডলী কর্তৃক অনুমোদিত "মোটরসাইকেল ক্রয় অগ্রিম মঞ্জুরী নীতিমালা" এর আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে মোটরসাইকেল ক্রয়ের নিমিত্ত অগ্রিম ঋণ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে কোম্পানির নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।
 - ১.১। কোম্পানিতে নিরবচ্ছিন্নভাবে ০৩(তিন) বছর (৩১-০৮-২০২৩ তারিখে) চাকরিতে কর্মরত যে কোন কর্মকর্তা/কর্মচারী উক্ত ঋণের জন্য আবেদন করতে পারবেন। যারা ইতিপূর্বে মোটরসাইকেল ক্রয় বাবদ ঋণ গ্রহণ করেছেন তারা আশোচ্য ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে, এক্ষেত্রে নতুন আবেদন করীদেরকে অগ্রাধিকারের ভিত্তিতে এবং কোন কর্মকর্তা/কর্মচারী প্রথমবার অগ্রিম গ্রহণ করলে সংশ্লিষ্ট খাতে পূর্বের গৃহীত ঋণের অসমবিত্ত অর্থ সুদসহ পরিশোধ সাপেক্ষে দ্বিতীয়বার অগ্রিম ঋণ গ্রহণ করতে পারবেন।
 - ১.২। একজন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী পিআরএল (অবসর উত্তর ছুটি)-এ গমনের ০৩ (তিন) বছর (৩১-০৮-২০২৩ তারিখে) পূর্ব পর্যন্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন।
 - ১.৩। উক্ত ঋণ মঞ্জুরির পর সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক নিজ খরচে অঙ্গীকারনামা ও তার সম বা তদুর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন দুই জন কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত সিউরিটি বন্ড (ঋণ গ্রহীতার খরচে) প্রতিটি ৬ ৩০০.০০ (তিনশত টাকা)-এর নন-জুডিশিয়াল স্ট্যাম্প সম্পাদন করতঃ পে-রোল এন্ড কিলস ডিপার্টমেন্টে দাখিল সাপেক্ষে উক্ত অগ্রিম ঋণের অর্থ গ্রহণ করতে পারবেন।
 - ১.৪। কোম্পানি কর্তৃক কোন কর্মকর্তা/কর্মচারীকে সার্বজনিকভাবে গাড়ী বরাদ্দ করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি উক্ত ঋণ প্রাপ্তির সুবিধা হতে বঞ্চিত হবেন।
 - ১.৫। কোন কর্মকর্তা/কর্মচারী উক্ত ঋণের জন্য আবেদনের সময় পূর্বের অন্যান্য অগ্রিম/ঋণের কিস্তি মাসিক কিস্তির অর্থসহ প্রার্থিত অগ্রিমের মাসিক কিস্তির পরিমাণ তার মোট বেতনের ৪০% এর বেশী হলে তিনি উক্ত ঋণ প্রাপ্তির যোগ্যতা হারাবেন।
 - ১.৬। মোটরসাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহীতা ৬ ২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা) ঋণ অগ্রিম প্রাপ্য হবেন। উক্ত অগ্রিমের উপর বার্ষিক ৬.৫% (শতকরা সাড়ে ছয় টাকা) হারে সরল সুদ প্রদেয় হবে। অগ্রিম প্রদানের পরবর্তী মাস হতে সুদসহ মূল টাকা ঋণ গ্রহীতার নিয়মিত মাসিক বেতন হতে অনূর্ধ্ব ১০০ (একশত) কিস্তিতে কর্তন করা হবে।
- ২। কোম্পানির চাকরিতে যোগদানের তারিখের জ্যেষ্ঠতা এবং কোম্পানি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের ভিত্তিতে উক্ত ঋণ মঞ্জুর করা হবে। তবে, কোম্পানির অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে এই ঋণ প্রদান সীমাবদ্ধ থাকবে।
- ৩। ঋণ অগ্রিমের আবেদন বিধায়ক কোম্পানি কর্তৃক ২৩.০৭.২০২৩ তারিখে জারিকৃত পত্র স্ম নং-২৮.১৪.০০০০.১০৮.০৭.০০১.২৩.১১৬ সংখ্যক পরিপত্র প্রযোজ্য হবে।
- ৪। কোম্পানির প্রশাসন ডিভিশনের অধীনস্থ এমপ্রুয়ী রিলেশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট হতে আবেদনপত্র সংগ্রহ ও যথাযথভাবে পূরণকরতঃ আগামী ৩১-০৮-২০২৩ তারিখের মধ্যে উক্ত ডিপার্টমেন্টে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা।


৩১/৭/২৩
(মিনা রানী রায়)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি :

- ১। সকল ডিভিশন/অফিস/ডিপার্টমেন্ট প্রধান, জিটিসিএল
- ২। ব্যবস্থাপক (নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন), জিটিসিএল-(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। উপ-ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর জিটিসিএল।
- ৪। নোটিশ বোর্ড।
- ৫। অফিস কপি।

আপনার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করার জন্য প্রেরণ করা হলো।